গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
"বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জিআইএস ও
জিওকোডিং ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প"
পরিসংখ্যান ভবন (১০ম তলা)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা
ডাইরী নম্বর ৭৪১
তারিখ ২০/৫

স্মারক নং-৫২.০১.০০০০.২৩১.৩৩.০০৩.২৪-(অংশ-১)৫৮৫-

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

## কোটেশন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জিআইএস ও জিওকোডিং ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প" শীর্ষক প্রকল্পের আওতায় বিবিএস এ সংরক্ষিত ভিন্ন ভিন্ন জনশুমারির ডিজিটাল তথ্যের জিওকোড ভিত্তিক রিলেশনার ডেটাবেইজ তৈরীর লক্ষ্যে প্রকৃত ক্রয়/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ পূর্বক কোটেশন আহবান করা যাচ্ছে।

| নং | বিবরন | পরিমাণ |
|---|---|---|
| ০১ | • ২০২২ সালের শুমারিকৃত মৌজার তালিকা ও জিআইএস মানচিত্র-কে ভিত্তি হিসেবে ধরতে হবে।<br>• প্রশাসনিক কাঠামোর প্রতিটি ধাপে মৌজার সংখ্যা ২০০১ ও ২০১১ সালের মৌজার সংখ্যার সাথে মিলিয়ে দেখতে হবে।<br>• মিল পাওয়াগেলে জিআইএস মানচিত্রে ব্যবহৃত মৌজার নাম অনুযায়ী ২০০১ ও ২০১১ সালের জিওকোড বসাতে হবে।<br>• মৌজার সংখ্যা না মিললে ডিএলআরএস মৌজা তালিকা, ১৯৮১ সালের পুলিশ মানচিত্রে প্রদর্শিত মৌজার অবস্থান ও মৌজার তালিকার সাথে ২০২২, ২০১১ ও ২০০১ সালের মৌজার অবস্থান ও মৌজার তালিকার মিল খুঁজতে হবে।<br>• যেগুলো মিলবে না সেগুলো কোন মৌজার অংশ তা খুঁজে বের করে যোগ করে দিতে হবে এবং প্রয়োজনবোধে ১৯৫১ ও ১৯৬১ সালের আদমশুমারি এর সাথে মিলিয়ে দেখতে হবে।<br>• সকল জেলার ২০০১, ২০১১ ও ২০২২ সালের জনশুমারির পরিসংখ্যানিক তথ্য জিওকোড ভিত্তিক জিআইএস ডাটাবেইজে সন্নিবেশিত করতে হবে। | ৪ টি জেলা |

১। বিস্তারিত বিবরণ সম্বলিত কোটেশন সিডিউল প্রকল্প পরিচালক, "বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জিআইএস ও জিওকোডিং ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প", বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন (১০ম তলা, ব্লক-বি), ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭ এর দপ্তর হতে ০১/০৬/২০২৫ ইং তারিখ বেলা ২:০০ ঘটিকা পর্যন্ত সংগ্রহ করা যাবে।

২। কোটেশন নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে সর্বশেষ ০১/০৬/২০২৫ ইং তারিখ বেলা ২:৩০ ঘটিকা পর্যন্ত জমা প্রদান করা যাবে এবং একই দিন বেলা ৩:৩০ ঘটিকায় দরপত্র মূল্যায়ন কমিটির সদস্য বৃন্দের উপস্থিতিতে প্রাপ্ত কোটেশন মূল্যায়নের নিমিত্তে উপস্থাপন করা হবে।

৩। কোটেশনের সাথে হালনাগাদকৃত ট্রেড-লাইসেন্স (২০২৩-২৪), আয়কর পরিশোধ সংক্রান্ত সনদ পত্র (২০২৩-২৪), ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র, এবং সম্প্রতি ইস্যুকৃত ব্যাংক সলভেন্সি সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৪। কার্যাদেশ প্রাপ্তির অনুর্ধ ৫ (পাচঁ) দিনের মধ্যে বর্ণিত কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৫। সরবরাহের বিষয়টি"বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জিআইএস ও জিওকোডিং ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প" এর যাচাই ও গ্রহণ কমিটি দ্বারা নির্ধারিত সংখ্যা অনুযায়ী যাচাই বাচাই করা হবে।

৬। সরবরাহকৃত ডাটাবেইজ এ কোন প্রকার ত্রুটি/ সমস্যা দেখা দিলে নিজ খরচে ত্রুটিমুক্ত অথবা প্রয়োজনে সম্পূর্ণ নতুনভাবে বর্ণিত কার্যক্রম সম্পন্ন করতে হবে, তজ্জন্য নতুন কোন বিল দাবী করা যাবে না।

৭। ইচ্ছুক দরদাতা প্রতিষ্ঠান একটি কোটেশন দলিলে বিকল্প দর প্রদান করতে পারবে না।

৮। প্রচলিত হারে আয়কর, ভ্যাট, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা থেকে ইস্যুকৃত চেকের মাধ্যমে দাবীকৃত বিল পরিশোধ করা হবে। এজন্য বর্ণিত কার্যক্রম সম্পন্ন সংক্রান্ত ৩ কপি চালান ও বিল (মূল কপি) দাখিল করতে হবে।

৯। কোন প্রকার কারণ প্রদর্শন ছাড়াই যে কোন কোটেশন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

মোঃ আবুবকর সিদ্দিক
প্রকল্প পরিচালক
ফোন: ০১৭১৭৪৪১১৪৪
ই-মেইল : ju.mamun@yahoo.com

**বিতরণঃ**

১। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিবিএস এর ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
২। অফিস নোটিশ বোর্ড পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩। স্টোর শাখা, "বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জিআইএস ও জিওকোডিং ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প" বিবিএস, ঢাকা।
৪। হিসাব শাখা, "বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জিআইএস ও জিওকোডিং ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প" , বিবিএস, ঢাকা।
৫। সরবরাহকারী প্রতিষ্ঠান...........................................................................................................।
৬। অফিস কপি।